



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lqed.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৩.০০৮.১৭. ১০২০

তারিখ: ১৩.১২.২০২১ খ্রি।

আফিস আদেশ

মহান বিজয় দিবস ২০২১ এবং মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষে আগামী ১৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ বুধবার হতে ১৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার পর্যন্ত এলজিইডি সদর দপ্তরে চতুরে বিজয় মেলার আয়োজন করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনাব স্বপন আব্দিচার্য, এমপি, দুপুর ২:০০ টায় বিজয় মেলা ২০২১ এর শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিজয় মেলা উদ্বোধনের পর বিজয় বিদেশ উপলক্ষ্যে এলজিইডি'র অডিটরিয়ামে বিকাল ৩:০০ টায় মহান বিজয় দিবস ২০২১, বিজয়ের সুবর্ণজয়ন্তি ও মুজিববর্ষ ঘথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে-“জাতির পিতার স্বপ্নের সোনারবাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারন ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন” শীর্ষক একটি আলোচনা অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানস্থ স্থানীয় সরকার বিভাগের মাননীয় সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদসহ অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তা বৃন্দ ও অতিথিবৃন্দ উপস্থিত থাকবেন। আলোচনা সভার পর ৪.১৫মিনিট হতে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

২। জাতীয় সংসদ ভবন হতে সমস্ত বাংলাদেশে একসাথে মুজিব শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক “শপথ বাক্য” পাঠ অনুষ্ঠানটির সাথে সংযুক্ত হয়ে এলজিইডিতে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ইং তারিখে বিকাল ৪:৩০টায় এলজিইডি সদর দপ্তরের মরহুম কামরুল ইসলাম সিদ্দীক মিলনায়তনে শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। উক্ত শপথ অনুষ্ঠানে এলজিইডি সদর দপ্তরে সকলকে আবশ্যিকভাবে বিকাল ৩:৩০ টার মধ্যে কামরুল ইসলাম সিদ্দীক মিলনায়তনে (লেভেল-২) এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য উক্ত শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিতি (হাজিরা) লিপিবদ্ধ করা হবে এবং ভিডিও ধারণ করা হবে।

৩। এলজিইডি'র সদর দপ্তরে কর্মরত সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে (প্রকল্প/পরামর্শক প্রতিষ্ঠানসহ) বর্ণিত তারিখ ও সময়ে বিজয় মেলা, শপথ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় উল্লিখিত দিনগুলিতে হাজিরা যাচাইয়াল্লে অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

—
১৩.১২.২১
(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোন: ৫৮১৫২৮০২
ই-মেইল: ce@lqed.gov.bd

অনুলিপি (জ্যোষ্ঠতার ত্রুমানসারে নয়):-

- ১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৭) প্রকল্প পরিচালক , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: ঢাকা।
- ৯) টিম লিডার.....।
- ১০) সহকারী প্রধান প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে SMS এর মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১১) সিনিয়র সহকারী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২) শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ১৩) জনাব.....।

তাঁর নিয়ন্ত্রণাধীন সকল কর্মকর্তা ও কর্মচারীসহ বিজয় মেলা, শপথ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।